I 151 151/1

SPECIAL ADHESIVE 200 Rs. · SPECIAL ADHESIVE 20 Rs. · SPECIAL ADHESIVE 20 Rs. · SPECIAL ADHESIVE 6 Rs.

(17)

STAMP AFFIXED BY
12/1/83
STAMP SUPERINTENDENT,
CALCUTTA COLLECTORATE

(66) IN#72
DEEDSALE18
# 83069

Hoera-151

(37)

Admissible under Rule 21, ... of the W. B. R. ... Act ... stamped / ... exempted from ... duty under the Indian Stamp Act, 1899 Schedule I. A No. 23 Fee paid as under:-

A 49.50
N 1.20
50.70

Sub-Registrar
HOOGHLY

12/1/83

# ॥ সাফ বিক্রয় কোবালা ॥

## মূল্য পাঁচ হাজার বিরাশী টাকা মাত্র ।

| কোবালা গ্রহীতা ঃ- | কোবালাদাতা ঃ- |
|---|---|
| লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড<br>১৯৫৬ সনের কোম্পানী আইনানুসারে<br>রেজেষ্ট্রীভুক্ত সীমিত দায়মুক্ত<br>রেজেষ্ট্রার্ড অফিস, ৪নং ম্যাঙ্গো লেন<br>কলিকাতা - ৭০০০০১ । | শ্রী যমুনা নারায়ণ কুমার<br>পিতা ঁভোলানাথ কুমার<br>জাতি হিন্দু পেশা বিষয়ভোগী<br>হাল সাকিন গ্রাম ত্রিবেনী,<br>থানা মগরা, জেলা হুগলী । |

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ০.২১ শতক অর্থাৎ বার কাঠা এগার ছটাক বার স্কোয়ার ফিট শালি জমি মায় তৎসন্নিহিত সর্ব্ব প্রকার ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ে সাফ কোবালাপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা হুগলী থানা মগরা জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা

মৌজা ...

Presented for Registration at

2-0 ~~o'clock~~ on the 17th

day of Jan 19 83

at the Hooghly Sadar Jt.

Registration Office

by Jamuna Narayan Kumar

executant / ~~claimant~~

— শ্রীযমুনা নারায়ণ কুমার

[illegible] Jt. Sub-Registrar
HOOGHLY
17/1/83

Execution is admitted

Jamuna Narayan Kumar
S/o Bhola Nath Kumar
of Hoyra Village Magra
Dist. Hooghly by Caste Hindu
by Profession Landholder

151

— শ্রীযমুনা নারায়ণ কুমার

শ্রী দেবরাজ চ্যাটার্জী

Debraj Chatterjee
Son of Sailendra Nath Chatterjee
of Hoyra Village Magra
Dist. Hooghly by Caste Hindu
by Profession Business

Jt. Sub-Registrar
HOOGHLY
17/1/83

151/2



মৌজা হোয়েরা মধ্যে জেলা কালেকটারীর ৭নং তৌজী ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ২২৭ নং খতিয়ানের বার্ষিক মোট টাকা ১০.৩১ পয়সা ( দশ টাকা একত্রিশ পয়সা) খাজনায় রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট ১৬২১ নং দাগ ভুক্ত ০.২১ শতক শালি জমিও অন্যান্য দাগের জমি অত্র কোবালাদাতা ২০।২।১৯৫৩ তারিখে জানকীনাথ ঘোষ কর্ত্তৃক সম্পাদিত কোবালা দলিল মুলে খরিদ সুত্রে প্রাপ্ত হইয়া ০.২১ শতক জমি ভোগ দখল করিতে থাকেন এবং বিগত রিভিসন্যাল জরিপে তাঁহাদের নাম রায়ত দখলিকার স্বত্বে লিপিবদ্ধ হয়। তদনুর উক্ত শ্রী যমুনা নারায়ণ কুমার অর্থাৎ অত্র কোবালাদাতা উক্ত সম্পত্তি ভোগ দখল থাকাকালীন উক্ত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব করায় অত্র কোবালাদাতা উক্ত ১৬২১ নং দাগের এক বন্দে চিহ্নিত মতে ও নির্দ্দিষ্ট ০.২১ শতক (বার কাঠা এগার ছটাক বার স্কোয়ার ফিট) শালি জমি মায় ইজমেন্ট ও আওলাতাদি ও অন্যান্য স্বত্ত্বাদি সহ সর্ব্বপ্রকারের স্বত্ত্বাধিকার সহ সম্পত্তি আপনি কোবালাগ্রহীতা ১৯৫৬ সনের কোম্পানী আইন অনুসারে রেজেষ্ট্রিভুক্ত লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড কলকারখানা অফিস ইত্যাদি স্থাপনের উদ্দেশ্যে বিঘা প্রতি ৮,০০০, আট হাজার টাকা পনে বিক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও আমি অত্র কোবালা দাতা নানা কারণে ও দেনাদি পরিশোধের নিমিত্ত নগদ টাকার বিশেষ আবশ্যক - হওয়ায় আমার খাস দখলীয় উক্ত জমির ১৬২১ নং দাগের অর্থাৎ মাপসুরত ১২ কাঠা ১১ ছটাক ১২ স্কোয়ার ফিট জমি মায় সর্ব্ববিধ ইজমেন্ট ও আওলাত ও সর্ব্বপ্রকার স্বত্ত্বাদি একত্রে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা আপনার নিকট হইতে বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মুল্য বেলমোক্তা পাঁচ - হাজার বিরাশী টাকা মাত্র পণ গ্রহণ করিয়া ও উক্ত পণ মুল্যে অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পণ মুল্যের সমুদয় মোতাবেক টাকা ৫,০৮২.০০ পাঁচ হাজার বিরাশী

টাকা ....

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

12/1/83

টাকা পণ নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। এবং বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে ও অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থায় আমার নামের পরিবর্তে নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্ব্বক দান বিক্রয় বিলি পত্তনাদি সর্ব্বপ্রকারে হস্তান্তর অবস্থিতির ও ইট ইমারতাদি নির্ম্মানে স্বত্বাধিকার সূত্রে সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত ভূম্যাদিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল লভ্য হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে নির্ব্যূঢ় স্বত্বে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার বরাবর নির্ব্যূঢ় স্বত্বে - বর্ত্তাইল বা অর্শাইল। কস্মিনকালে আমি কিংবা আমার ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতা ব্যতীত অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারণে কোন - আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই। অথবা বিক্রীত জমি সম্পর্কে কোন অফিস

আদালতে ....

12/1/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

আদালতে কোন মোকদ্দমা চালিত নাই বিক্রীত জমি ব্যাঙ্কের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ বা কোন আদালত কর্তৃক কোন কারণে ক্রোকাবদ্ধ নাই। বিক্রীত জমি দেবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি গভর্ণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক রিকুইজিসান এ্যাকুইজিসান করা হয় নাই। অথবা বিক্রীত জমি কোন প্রকারের সরকারে কোন কারণে বা কোন আইন বলে ভেষ্টেড হয় নাই বা কোন প্রকার এলাইনমেণ্টের অনুভুর্ক্ত হয় নাই। বিক্রীত জমি অল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী কোনপ্রকার লীজ প্রদান বা ভাড়া বন্দোবস্ত দেওয়া হয় নাই। উক্ত জমিতে কোন বর্গাদার নাই বা কাহারও নাম বর্গাদাররূপে রেকর্ড হয় নাই। বিক্রীত ভুমি আমি কাহাকেও বেনাম করি নাই বা আমি কাহারও বেনামদার নহে। উহা সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালে আপনার নিকট বিক্রয় করতঃ বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের ন্যুনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলে কোন প্রকার হানি বা ক্ষতি হইলে আমি তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব। এবং আইনতঃ ক্ষতিপুরণ সহ পণ মুল্যের সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান ও স্হলাভিষিক্ত গণ ক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত জমির টাইটেল সম্পর্কীয় নিম্ন 'খ' তপশীলে বর্ণিত কাগজ পত্র দলিলাদি যাহা আমার নিকট আছে তাহা আপনাকে অর্পন করিলাম ও অত্র বিক্রীত সম্পত্তি সম্প... ভবিষ্যতে অন্য কাগজাদি থাকিলে বা প্রকাশ পাইলে আমি কোন অফিস আদালত সা...

প্রমান ...

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বে-ওজর আপনার তলব মত যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য থাকিব ও উপস্থিত হইয়া আপনার অনুকূলে দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষক কোন সংশোধনী দলিল বা সাপ্লীমেণ্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বে-ওজর বিনা পনে আপনার খরচায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পনের মুল্যের সমুদয় টাকা এককালীন নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৩৮৯ সালের - ৩ রা অগ্রহায়ন ইংরাজী ১৯৮৩ সালের - ১৭ই ফেব্রুয়ারী।

॥ 'ক' তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ॥

জেলা হুগলী থানা মগরা সবরেজেষ্ট্রী চুঁচুড়া এলাকাধীন জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোসেনরা। জেলা কালেক্টারীর ৭নং তৌজী ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীন বিগত রিভিসন্যাল জরিপে লিপিবদ্ধ -খ তিয়ান ও দাগের অন্তর্গত রায়ত দখলকার স্বত্ব বিশিষ্ট ০.২১ শতক বা ।।২।।৯২ বার কাঠা এগার ছটাক বার স্কোয়ার ফুট শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে।

খতিয়ান

Sadar Joint Sub-Registrar
Chinsurah Hooghly

| খতিয়ান নম্বর | দাগ নং | শ্রেণী | দাগের জমির পরিমান | বিক্রীত জমির পরিমান | বার্ষিক হারাহারি খাজনা |
|---|---|---|---|---|---|
| ২২৭ | ১৬২১ | শালী | .২১ | .২১ | ১০.৩১ পয়সা – |

॥ খ তপশীল বর্ণিত দলিলাদির পরিচয় ॥

১। শ্রী জানকী নাথ ঘোষ দ্বারা ২০।২।১৯৫৩ তারিখে যমুনা নারায়ণ কুমারের অনুকূলে সম্পাদিত কোবালা দলিল ( ১৯৫৩ সালের ১৩৯৩ নং দলিল )

২। জিলা জরিপের হোয়েরা মৌজার খতিয়ান নং ২২৯

৩। রিভিসন্যাল জরিপের হোয়েরা মৌজার খতিয়ান নং ২২৭

৪। খাজনার রশিদ –

পরের টাকার জায় .....

Sadar Joint Sub-Registrar
Chinsurah Hooghly

17/11/83

157/7

(৭)

॥ পনের টাকার জায় ॥

বায়না বাবদ ১১ই জুলাই ১৯৮২ তারিখে লওয়া - ১০৫.০০ টাকা -

বক্রী পনের টাকা ~~এলাহাবাদ~~ স্টেট ব্যাঙ্কের মগরা ব্রাঞ্চের উপর দিয়ত ব্যাঙ্ক ড্রাফট নং - T.T/BD 411764 তং 12 th January, 1983 ৪৯৭৭.০০ টাকা -

মোট ৫০৮২.০০ টাকা

(মোট পাঁচ হাজার বিরাশী টাকা মাত্র)

শ্রীযমুনা নারায়ণ চৌধুরী

ইসাদী :-

সাক্ষীগণ :-

1) শ্রী দেবরাজ চ্যাটার্জী
মোগরা, হুগলী.

2) S. Gupta (Sub. Reg.)
Calcutta.

3) S. K. Bose,
Advocate
Calcutta.

উক্ত: [illegible]

শ্রীযমুনা নারায়ণ চৌধুরী

শ্রীযমুনা নারায়ণ চৌধুরী

টাইপকারক
তপন সাহা
শিয়ালদহ

17/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

omni scanned

তারিখ ইংরাজী ১৭ই ফেব্রুয়ারী ১৯৮৩

বাংলা ৩রা ফাল্গুন ১৩৮৯

কোবালা গ্রহীতা ঃ

লাইট মেটাল ইণ্ডাস্ট্রিজ লিমিটেড

Sd/- 17/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

কোবালা দাতা ঃ

শ্রী যমুনা নারায়ণ কুমার

Book No. I
Volume No. 3
Pages 194 ... ২০
Being No. 151
for the year 1983

সাফ কোবালা দলিল

অর, ডিগনাম এণ্ড কোং

এ্যাডভোকেট

২৯ নং নেতাজী সুভাষ রোড

কলিকাতা ।

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

11-9-84

0-3.2

151
8

996
289
1285
56
1341